

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৪। আর এক প্রমাণ আছে ভাগবতে,  
হরি ভক্তি গুণে সারথী হয় অঙ্কুরের রথে।  
ও সে অশ্ব রঙ্কু ধরে হতে, যুদ্ধেতে রথ চালায় মধুসূদন।।
- ৫। আনন্দে মহানন্দ কয়,

প্রেম ভক্তি ধন বিকাইতেছে শ্রীগুরুর মেলায়।  
অশ্বিনী তুই দীন দুরাশায়, মন দিয়া কিনলি না ভক্তি রতনা।।

### ১৫২ নং তাল-একতালা

আমার নিদান দেখে ফেলে গেলিরে।

কোথায় লুকালি হরিচাঁদ পরাণ পুতলী।।

- ১। কাঙ্গালের ধন দুঃখ নিবারণ দুঃখীর পরাণ জুড়ালি।  
ও তুই কোন বিচারে, আমারে শিরে, দিলি ক্যান দুঃখের ডালি।।
- ২। ভক্তের অধীন নাম ভক্তাধীন, দয়াময় নাম ধরিলি।  
আমি ভক্তি, শূন্য, দীন দৈন্য আমায় ক্যান নিদয় হ'লি।।
- ৩। দীনবন্ধু ভবসিঙ্কু তরাতে নাবিক হ'লি।  
আমার নাইকো কড়ি, দীন ভিখারী কূলে বসে কান্দালি।।
- ৪। কাউকে রাজা, কাউকে প্রজা, কাউকে কাঙ্গাল সাজালি।  
ও কারুর বুকের মানিক কেড়ে নিয়ে দুঃখ সাগরে ভাসালি।।
- ৫। ডেকে বলে তারকচন্দ্র, অশ্বিনী তোরে বলি।  
এমন প্রেমের বাজার ভেঙ্গে গেল, কার আশায় বসে র'লি।।

### ১৫৩ নং তাল-একতালা

আর কত কান্দাবি আমায় ওহে গুরু ধন।

একবার বিনোদ বেশে দাঁড়াও এসে, দেখে লই জন্মের মতন।।

- ১। তুমি আমার সাধনের ধন, দুঃখপশরা নয়ন তারা অমূল্য রতন।  
আমার আর কোন ধন নাই দরদী, পূজি কেবল ঐ চরণ।।
- ২। আমার মনে এই আকিঞ্চন, হৃদ কমলে বসাইয়ে পূজিব চরণ।  
আমার অনুরাগ তুলসী দিব, দিব শ্রদ্ধারস চন্দন।।